রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ৭, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

বিচার শাখা-২

## প্রজ্ঞাপন

ঢাকা, ২১শে ফাল্গুন, ১৩৯৬/৫ই মার্চ, ১৯৯০

নং এস, আর, ও ৯৬-আইন/৯০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় অথবা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে ;

(খ) "নির্দিষ্ট পদ" বলিতে তফসিলের কলাম ১-এ উল্লিখিত কোন পদকে বুঝাইবে ;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে—

(অ) প্রথম তফসিলের 'ক' অংশে উল্লিখিত পদসমূহের ক্ষেত্রে, সরকারকে বুঝাইবে ;



মূল্য: ৯০ পয়সা

(আ) প্রথম তফসিলের 'খ' অংশে উল্লিখিত পদসমূহের ক্ষেত্রে জেলা জজকে বুঝাইবে; এবং

(ই) প্রথম তফসিলের 'গ' অংশে উল্লিখিত পদসমূহের ক্ষেত্রে বিভাগীয় বিশেষ জজকে বুঝাইবে;

(ঘ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে কোন নির্দিষ্ট পদের বিপরীতে প্রথম তফসিলের কলাম ৫-এ উল্লিখিত যোগ্যতাকে বুঝাইবে;

(ঙ) "বাছাই কমিটি" বলিতে কোন নির্দিষ্ট পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের উদ্দেশ্যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক তিনজন সদস্য-সমন্বয়ে গঠিত বাছাই কমিটিকে বুঝাইবে;

(চ) "শিক্ষানবিস" বলিতে কোন প্রকৃত শূন্য নির্দিষ্ট পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে; এবং

(ছ) "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডকে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন শিক্ষা বোর্ড বা সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি ইত্যাদি।—(১) প্রথম তফসিলে বর্ণিত বিধানাবলী সাপেক্ষে, কোন নির্দিষ্ট পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথাঃ—

(ক) পদোন্নতির মাধ্যমে;

(খ) সরাসরি নিয়োগের মাধ্যমে।

(২) কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাঁহার বয়স উক্ত পদের জন্য প্রথম তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হইলে তাঁহাকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না।

৪। সরাসরি নিয়োগের পদ্ধতি।—(১) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ, বাছাই কমিটি কর্তৃক এতদুদ্দেশ্যে প্রস্তুতকৃত উপযুক্ত প্রার্থীদের একটি তালিকা বিবেচনাক্রমে, উক্ত পদে নিয়োগ দান করিবে।

(২) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী অধিবাসী বা বাংলাদেশের ডমিসাইল না হন; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি--

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার পর সিভিল সার্জন বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে উক্ত পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির প্রাক-পরিচয় যথাযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োগের জন্য তিনি অনুপযুক্ত।

(৪) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না; যদি তিনি--

(ক) উক্ত পদের জন্য দরখাস্ত আহবানের উদ্দেশ্যে বাছাই কমিটি কর্তৃক প্রচারিত বিজ্ঞাপনে নির্ধারিত ফিস (যদি কিছু থাকে) সহকারে উহাতে নির্ধারিত ফরমে ও নির্ধারিত তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করিয়া থাকেন ; এবং

(খ) সরকারের কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত থাকা সত্ত্বেও স্বীয় উর্দ্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করিয়া থাকেন।

৫। সাঁট-লিপিকার পদে নিয়োগ।--(১) বিধি ৪ এর বিধানাবলী সাপেক্ষে, প্রথম তফসিলের ক্রমিক নং ২ ও ১৪-তে উল্লিখিত নির্দিষ্ট পদসমূহে উপ-বিধি(২) এর বিধান অনুসারে নিয়োগ করা হইবে।

(২) উক্ত পদসমূহে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের প্রয়োজনীয় যোগ্যতা, বয়স সীমা ও অনুষ্ঠিতব্য পরীক্ষা পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা--

(ক) প্রার্থীগণকে স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটধারী বা উহার সমমানের শিক্ষাগত যোগ্যতার অধিকারী হইতে হইবে এবং তাঁহাদের বয়স ১৮ হইতে ২৭ বৎসর বয়স সীমার মধ্যে হইতে হইবে ;

(খ) প্রার্থীগণকে দ্বিতীয় তফসিলের 'ক' অংশে উল্লিখিত বিষয় ও নম্বরের উপর এবং উহাতে নির্ধারিত সময়ব্যাপী অনুষ্ঠিতব্য একটি প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশ গ্রহণ করিতে হইবে।

(গ) উক্ত পরীক্ষায় নির্ধারিত সময় সাঁট-লিপিতে শ্রুতি লিখনের পর প্রার্থীগণকে উহা পুনরীক্ষণের জন্য পাঁচ মিনিট এবং সাঁট-লিপিকে পূর্ণ লিখনে রূপান্তরের জন্য ৩০ মিনিট সময় প্রদান করা হইবে, এবং এইরূপ পূর্ণ লিখনে মোট শব্দ সংখ্যার ৫% এর অধিক ভুল হইলে, সাঁট-লিপিতে সংশ্লিষ্ট প্রার্থী প্রয়োজনীয় গতিসম্পন্ন নহেন বলিয়া গণ্য করা হইবে।

(ঘ) উক্ত পরীক্ষায় কোন প্রার্থী—

(অ) প্রতি বিষয়ে অন্যূন ৪০% এবং সকল বিষয়ে সম্মিলিতভাবে মোট নম্বরের অন্যূন ৫০% নম্বর অর্জন করিতে হইবে, এবং

(আ) সাঁট-লিপিতে ও টাইপকরণে দ্বিতীয় তফসিলের 'খ' অংশের ক্রমিক নং ১ এর বিপরীতে কলাম ৪ ও ৫-এ উল্লিখিত সংখ্যক শব্দ লিখনে ব্যর্থ হইলে, তিনি নিয়োগ লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(ঙ) উক্ত পরীক্ষায় টাইপকরণের গতি নির্ণয়ের উদ্দেশ্যে পাঁচটি বিরাম চিহ্নকে একটি একটি শব্দ হিসাবে গণ্য করা হইবে।

(৩) সাঁট-লিপিকারগণকে তাঁহাদের জন্য নির্ধারিত বেতনক্রমের সিলেকশন গ্রেডে উন্নীতকরণের উদ্দেশ্যে, নিয়োগকারী কর্তৃপক্ষ একটি পরীক্ষা গ্রহণ করিবে, এবং উক্ত পরীক্ষায় তাঁহার দ্বিতীয় তফসিলের 'খ' অংশের ২ নং ক্রমিকের বিপরীতে কলাম ৪ ও ৫ এ উল্লিখিত সংখ্যক শব্দ লিখনে ব্যর্থ হইলে, তাঁহাদিগকে উক্ত গ্রেড প্রদান করা হইবে না।

৬। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) প্রথম তফসিলের ১ নং ক্রমিকের বিপরীতে কলাম ২ এ উল্লেখিত নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে, বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে না।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পদ ব্যতীত অন্যান্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ, বাছাই কমিটি কর্তৃক এতদুদ্দেশ্যে জ্যেষ্ঠতা—তথা মেধার ভিত্তিতে প্রস্তুতকৃত উপযুক্ত প্রার্থীদের এক তালিকা বিবেচনাক্রমে, নিয়োগ দান করিবে।

(৩) যদি কোন ব্যক্তির চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৭। বদলী।—এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ প্রয়োজনবোধে যে কোন নির্দিষ্ট পদধারীকে এক জেলা হইতে অন্য জেলায় জেলাজজ আদালতে বা অধস্তন কোন আদালতে বা কোন বিভাগীয় বিশেষ জজ আদালতে, অথবা কোন বিভাগীয় বিশেষ জজ আদালত হইতে অন্য কোন বিভাগীয় বিশেষ জজ আদালতে, কোন জেলা জজ আদালতে বা, তদধস্তন কোন আদালতে, উক্ত পদধারীর সমমর্যাদাসম্পন্ন কোন পদে বদলীর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৮। শিক্ষানবিসি।—প্রকৃত শূন্য কোন নির্দিষ্ট পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ, সংশ্লিষ্ট কারণ লিপিবদ্ধ করিয়া এক বা একাধিক বারে সর্বসাকুল্যে দুই বৎসর পর্যন্ত বর্ধিত করিতে পারিবে।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাঁহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে কিংবা তাঁহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ, উক্ত মেয়াদ সমাপ্ত হইবার পূর্বেই,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সমাপ্ত হইবার পর, নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ, ও কাজকর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাঁহাকে চাকুরীতে স্থায়ী করিবে ; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে,—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যে পর্যন্ত তিনি সরকার কর্তৃক সময় নির্দেশিত পরীক্ষায় উত্তীর্ণ না হন ও প্রশিক্ষণ গ্রহণ না করেন।

৯। প্রয়োজনীয় যোগ্যতা শিথিলকরণ।—অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, সরকার, কোন বিশেষ পরিস্থিতিতে, কোন নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা শিথিল করিতে পারিবে।

প্রথম তফসিল

[বিধি ২(ক) দ্রষ্টব্য]

| ক্রমিক নং। | নির্দিষ্ট পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা। | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | 'ক' অংশ | |
| ১ | সেরেস্তাদার, জেলাজজ/বিভাগীয় বিশেষ জজ আদালত। | .. | (১) ৮০% পদ জেলা জজ আদালতসমূহের নাজিরগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং (২) ২০% পদ জেলা জজ, বিভাগীয় বিশেষ জজ, অতিরিক্ত জেলা জজ ও সাব-জজ আদালতসমূহের সাঁটলিপিকারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির জন্য সাঁটলিপিকারগণের মধ্যে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে এই কোটা জেলা জজ আদালতসমূহের নাজিরগণের মধ্য হইতে পুরণ করা হইবে। | জেলা জজ আদালতের নাজির হিসাবে ২ বৎসরসহ মোট ২২ বৎসর অথবা জেলা জজ বা বিভাগীয় বিশেষ জজ বা অতিরিক্ত জেলা জজ বা সাব-জজ আদালতে সাঁটলিপিকার হিসাবে ২২ বৎসরের চাকুরী। |

'খ' অংশ

| | | | |
|---|---|---|---|
| ২ | সাঁটলিপিকার, জেলাজজ/অতিরিক্ত জেলাজজ/সাব-জজ আদালত। | এই পদে বিধি ৫ অনুসারে সরাসরি নিয়োগ করা হইবে। | |
| ৩ | নাজির, জেলাজজ আদালত। | নিম্নবর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, যথা—<br>(ক) হিসাব রক্ষক, জেলাজজ আদালত,<br>(খ) মোহাফেজ, জেলাজজ আদালত,<br>(গ) বেঞ্চ সহকারী, জেলাজজ আদালত,<br>(ঘ) প্রধান কম্পেয়ারিং সহকারী, জেলাজজ আদালত,<br>(ঙ) সেরেস্তাদার, সাব-জজ আদালত, এবং<br>(চ) সেরেস্তাদার, সহকারী জজ আদালত। | (ক) কলাম ৪-এ উল্লিখিত এক বা একাধিক পদে ৪ বৎসরের চাকুরী; এবং<br>(খ) প্রচলিত বিধি মোতাবেক জামানত জমা দিতে হইবে। |
| ৪ | (ক) হিসাব রক্ষক, জেলাজজ আদালত,<br>(খ) মোহাফেজ, জেলাজজ আদালত,<br>(গ) বেঞ্চ সহকারী, জেলা জজ আদালত,<br>(ঘ) প্রধান কম্পেয়ারিং সহকারী, জেলাজজ আদালত<br>(ঙ) সেরেস্তাদার, সাব-জজ আদালত<br>(চ) সেরেস্তাদার, সহকারী জজ আদালত | নিম্নবর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, যথা—<br>(ক) হিসাব সহকারী, জেলাজজ আদালত,<br>(খ) লাইব্রেরী সহকারী, জেলাজজ আদালত,<br>(গ) বেঞ্চ সহকারী, অতিরিক্ত জেলাজজ/সাব-জজ/সহকারী জজ আদালত,<br>(ঘ) রেকর্ড সহকারী, সাব-জজ আদালত,<br>(ঙ) হিসাব রক্ষক, সহকারী জজ আদালত,<br>(চ) নাজির, সহকারী জজ আদালত,<br>(ছ) ক্যাশিয়ার, জেলাজজ আদালত,<br>(জ) নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, জেলাজজ/সহকারী জজ আদালত,<br>(ঝ) নিম্নমান সহকারী, .<br>(ঞ) টাইপিষ্ট/কপিষ্ট, জেলাজজ আদালত। | কলাম ৪-এ উল্লিখিত এক বা একাধিক পদে ৫ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫ | (ক) হিসাব সহকারী, জেলাজজ আদালত,<br>(খ) লাইব্রেরী সহকারী জেলা জজ আদালত,<br>(গ) বেঞ্চ সহকারী, অতিরিক্ত জেলা জজ/সাব-জজ/সহকারী জজ আদালত,<br>(ঘ) রেকর্ড সহকারী, সাব-জজ আদালত,<br>(ঙ) হিসাব রক্ষক, সহকারী জজ আদালত,<br>(চ) নিম্নমান সহকারী। | ১৮—২৭ বৎসর। কর্মরত বিভাগীয় এম, এল, এস, এস-দের ক্ষেত্রে বয়সের উর্দ্ধসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) কলাম ২ এর এন্ট্রি (চ)তে বর্ণিত নিম্নমান সহকারী পদের ২০% এম, এল, এস, এস-দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>(খ) কলাম ২এর এন্ট্রি (ক) হইতে (ঙ)তে বর্ণিত পদসমূহ এবং (চ) তে বর্ণিত পদের ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে ন্যূনপক্ষে ৩ বৎসরের চাকুরী এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য: ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬ | (ক) ক্যাশিয়ার, জেলাজজ আদালত,<br>(খ) নাজির, সহকারী জজ আদালত। | ১৮—২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত প্রাপ্ত বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) প্রচলিত বিধি মোতাবেক জামানত জমা দিতে হইবে। |
| ৭ | (ক) টাইপিষ্ট/কপিষ্ট, জেলাজজ, আদালত,<br>(খ) নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, জেলাজজ/সহকারী জজ আদালত। | ১৮—২৭ বৎসর। কর্মরত বিভাগীয় এম,এল,এস,এস-দের ক্ষেত্রে বয়সের উর্দ্ধসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) ২০% পদ এম, এল, এস, এস-দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>(খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে ন্যূনপক্ষে ৩ বৎসরের চাকুরীসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২০ শব্দ টাইপ করার গতিসম্পন্ন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (খ) সরাসরি নিয়োগের জন্য: ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে ৩০ ও ২০ শব্দ টাইপ করার গতি সম্পন্ন। |
| ৮ | ড্রাইভার, জেলাজজ আদালত, | ১৮—২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) ৮ম শ্রেণী পাশ; এবং<br>(খ) মোটরগাড়ী চালানোর বৈধ লাইসেন্সধারী হইতে হইবে তবে অভিজ্ঞ প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ৯ | জারীকারক, জেলাজজ/সাব-জজ/সহকারী জজ আদালত। | ১৮—২৭ বৎসর | (ক) ৫০% পদে নিম্নবর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, যথা—<br>(১) এম, এল, এস, এস, জেলাজজ/অতিরিক্ত জেলাজজ/সাব-জজ আদালত,<br>(২) নৈশ প্রহরী, জেলাজজ আদালত,<br>(৩) অফিস পিওন, সহকারী জজ আদালত,<br>(৪) এজলাশ পিওন-কাম-অর্ডালী, সহকারী জজ আদালত, এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য: কলাম ৪ এর এন্ট্রি (ক) তে উল্লিখিত এক বা একাধিক পদে ৫ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃত প্রাপ্ত বোর্ডের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০ | লিফটম্যান | ১৮—২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ, তবে লিফট চালানোর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ১১ | এম, এল, এস, এস, জেলাজজ/অতিরিক্ত জেলাজজ/সাব-জজ আদালত। | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ। |
| ১২ | (ক) অফিস পিওন, সহকারী জজ আদালত,<br>(খ) এজলাশ পিওন-কাম-আর্দালী, সহকারী জজ আদালত। | ঐ | ঐ | ঐ |
| ১৩ | নৈশ প্রহরী, জেলাজজ আদালত, | ঐ | ঐ | ঐ |
| | | | 'গ' অংশ | |
| ১৪ | সাঁটলিপিকার, বিভাগীয় বিশেষ জজ আদালত। | | এই পদে বিধি ৫ অনুসারে সরাসরি নিয়োগ করা হইবে। | .. |
| ১৫ | বেঞ্চ সহকারী, বিভাগীয় বিশেষ জজ আদালত। | .. | জেলাজজ এর অধীনস্থ সমমর্যাদাসম্পন্ন কর্মচারীদের মধ্য হইতে বদলীর মাধ্যমে। | .. |
| ১৬ | ড্রাইভার, বিভাগীয় বিশেষ জজ আদালত। | ১৮—২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) ৮ম শ্রেণী পাশ, এবং<br>(খ) মোটরগাড়ী চালানোর বৈধ লাইসেন্সধারী হইতে হইবে তবে অভিজ্ঞ প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ১৭ | এম, .ল, এস, এস, বিভাগীয় বিশেষ জজ আদালত। | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ। |

## দ্বিতীয় তফসিল

### 'ক' অংশ

[বিধি ৫(২)(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় | | পূর্ণ নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১ | ইংরেজীতে রচনা লিখন | .. | ৫০ | ১ ঘন্টা |
| ২ | বাংলায় রচনা লিখন | .. | ৫০ | ১ ঘন্টা |
| ৩ | সাঁটলিপিতে ইংরেজী শ্রুতি লিখন | .. | ১০০ | ৩½ মিনিট |
| ৪ | সাঁটলিপিতে বাংলা শ্রুতি লিখন | .. | ১০০ | ৩½ মিনিট |
| ৫ | ইংরেজীতে টাইপকরণ | . | ৫০ | ১০ মিনিট |
| ৬ | বাংলায় টাইপকরণ | .. | ৫০ | ১০ মিনিট |

### 'খ' অংশ

[বিধি ৫(২)(ঘ) ও (৩) দ্রষ্টব্য]

| ক্রমিক নং। | পরীক্ষার উদ্দেশ্য | লিখন পদ্ধতি | | ইংরেজীতে প্রতি মিনিটে প্রয়োজনীয় শব্দ সংখ্যা। | বাংলায় প্রতি মিনিটে প্রয়োজনীয় শব্দ সংখ্যা। |
|---|---|---|---|---|---|
| ১ | সরাসরি নিয়োগ | (ক) সাঁটলিপি | .. | ১০০ | ৮০ |
| | | (খ) টাইপকরণ | .. | ৩৫ | ৩০ |
| ২ | সিলেকশন গ্রেডে উন্নীতকরণ। | (ক) সাঁটলিপি | .. | ১২০ | ৯০ |
| | | (খ) টাইপকরণ | .. | ৪০ | ৩৫ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

বিচারপতি মোহাম্মদ আবদুল কুদ্দুস চৌধুরী

সচিব।

[মোঃ শিফিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত]
[আনোয়ার রফিকুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত]